

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৬৪

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (্ৠ্রি) এর কতিপয় দু'আর নমুনা

## আরবী

وَعَنْ عَلِيٍّ أَنَّ مُكَاتِباً جَاءَهُ فَقَالَ: إِنِّي عَجَزْتُ عَنْ كِتَابَتِي فَأَعِنِّي قَالَ: أَلاَ أُعَلِّمُكَ كَلِمَاتٍ عَلَّمَنِيهِنَّ رَسُوْلُ اللهِ عَلِيْ لَوْ كَانَ عَلَيْكَ مِثْلُ جَبَلٍ دَيْناً أَدَّاهُ اللهُ عَنْكَ؟ قُلْ اللَّهُمَّ كَلِمَاتٍ عَلَّمَنِيهِنَّ رَسُوْلُ اللهِ عَنْكَ؟ قُلْ اللَّهُمَّ الْكَفِنِي بِحَلاَلِكَ عَنْ حَرَامِكَ، وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ رواه الترمذي، وقال حديث حسن

## বাংলা

(৩৬৬৪) আলী (রাঃ) থেকে বর্ণিত, একজন 'মুকাতিব' (লিখিত চুক্তি অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ অর্থ দিতে প্রতিশ্রুতিবদ্ধ কৃতদাস) তাঁর নিকট এসে নিবেদন করল, 'আমি আমার নির্ধারিত অর্থ দিতে অপারগ, অতএব আপনি আমাকে সাহায্য করুন।' (এ কথা শুনে) তিনি বললেন, 'তোমাকে কি এমন দু'আ শিখিয়ে দিব না, যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে শিখিয়েছিলেন? যদি তোমার উপর পর্বত সমপরিমাণ ঋণও থাকে, তাহলে আল্লাহ তাআলা তোমার পক্ষ থেকে তা পরিশোধ ক'রে দেবেন। বল, 'আল্লা-হুম্মাকফিনী বিহালা-লিকা আন হারা-মিক, অআগনিনী বিফায়লিকা আম্মান সিওয়া-ক।'

অর্থাৎ, হে আল্লাহ! তোমার হালাল রুয়ী দিয়ে হারাম রুয়ী থেকে আমার জন্য যথেষ্ট কর এবং তুমি ছাড়া অন্য সকল থেকে আমাকে অমুখাপেক্ষী কর।

## ফুটনোট

(তিরমিযী ৩৫৬৩, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন